

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, সব মাদরাসাকে জাতীয় সংগীত গাইতে হবে এবং জাতীয় পতাকাকে সম্মান জানাতে হবে। জাতীয় পতাকা আর জাতীয় সংগীত বাংলাদেশের স্বাধীনতার প্রতীক। জাতীয় পতাকাকে সম্মান করার অর্থ বাংলাদেশের স্বাধীনতাকে সম্মান করা, মুক্তিযোদ্ধাদের সম্মান করা।

মঙ্গলবার (২০ ডিসেম্বর) নাটোরের অনিমা চৌধুরী মিলনায়তনে বিজয় দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, বাংলাদেশের স্বাধীনতায় যারা বিশ্বাসী, যারা বীর মুক্তিযোদ্ধাদের সম্মান করতে চান, তাদের অবশ্যই জাতীয় পতাকার প্রতি সম্মান জানাতে হবে এবং জাতীয় সংগীত গাইতে হবে।



কিছু মাদরাসায় জাতীয় সংগীত গাওয়ানো হয় না উল্লেখ করে ডা. দীপু মনি বলেন, ‘এতে শিক্ষার্থীরা দেশকে শ্রদ্ধা করতে শেখে না, বীর মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধা করতে শেখে না। এ ছাড়া এতে রাষ্ট্রীয় আইনও অমান্য করা হয়। তাই নতুন প্রজন্মের মধ্যে এই চেতনাবোধ জাগ্রত করা প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্ব।’

কোনো মাদরাসা শিক্ষাপ্রতিষ্ঠান যদি এ ধরনের নিয়মের ব্যত্যয় ঘটিয়ে শিক্ষার্থীদের জাতীয় পতাকাকে সম্মান করতে না শেখায় বা জাতীয় সংগীত না গাওয়ায় তাদের বিরুদ্ধে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ারও আহ্বান জানান শিক্ষামন্ত্রী।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো মশিউর রহমান, জেলা আওয়ামী লীগের সভাপতি ও সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক আবদুল কুদ্দুস, নাটোর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও সংসদ সদস্য

শফিকুল ইসলাম শিমুল, নাটোর জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা সাজেদুর
রহমান খান প্রমুখ।

এমএস